# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 29 June, 2025

গত বছরের ৫ আগস্টের পর থেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় ১৩ পুলিশ কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করেছে সরকার।রোববার (২৯ জুন) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পুলিশ-১ শাখা থেকে পৃথক পৃথক প্রজ্ঞাপনে বরখাস্তের আদেশ জারি করা হয়।

প্রজ্ঞাপনগুলোতে স্বাক্ষর করেন সিনিয়র সচিব নাসিমন গনি।সেখানে বলা হয়েছে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অভিযোগে অভিযুক্ত হওয়ায় এবং বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী তাদের সাময়িক বরখাস্ত করা হয়েছে।

সাময়িক বরখাস্তকালীন সময়ে তারা খোরপোষ ভাতা প্রাপ্য হবেন বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।এতে আরও বলা হয়, জনস্বার্থে এই আদেশ জারি করা হয়েছে।

এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে জানান, “১৩ জনই দীর্ঘদিন ধরে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, তাই এ ব্যবস্থা নেওয়া হয়েছে।”

৫ আগস্ট পুলিশ বরখাস্ত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 00:29

URL: https://www.timestodaybd.com/national/7758073907